# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৭৬

১/ বিবিধ

আরবী

حق الجوار إلى أربعين دارا، وهكذا وهكذا وهكذا يمينا وشمالا وقدام وخلف

ضعيف جدا

رواه أبو يعلى في " مسنده " (10 / 385 / 5982) حدثنا محمد بن جامع العطار حدثنا محمد بن عثمان حدثنا عبد السلام بن أبي الجنوب عن أبي سلمة عن أبي هريرة مرفوعا، وعن أبي يعلى رواه ابن حبان في " الضعفاء " (2 /150) وأعله بعبد السلام هذا وقال: إنه منكر الحديث

قلت: وأقره الزيلعي في " نصب الراية " (3 / 414) ثم تناقض ابن حبان فذكره في " الثقات " (7 / 127) ، انظر " تيسير الانتفاع وقال أبو حاتم: (3 / 1 / 45) : متروك الحديث

قلت: وفيه علة أخرى فقال الهيثمي في " المجمع " (8 / 168) : رواه أبو يعلى عن شيخه محمد بن جامع العطار وهو ضعيف

قلت: بل هو أسوأ حالا، قال أبو زرعة: ليس بصدوق، ومحمد بن عثمان وهو الجمحي المكي ضعيف فهذه علة ثالثة

ولهذا قال الحافظ العراقي في " تخريج الإحياء " (2 / 189) : إنه حديث ضعيف

বাংলা

২৭৬। প্রতিবেশীর হক হচ্ছে চল্লিশ বাড়ী পর্যন্ত। এদিকে, ঐদিকে তথা ডানে, বামে, সম্মুখে ও পিছনে।

হাদীসটি নিতান্তই দুর্বল।

হাদীসটি নিতান্তই দুর্বল। এটি আবু ইয়ালা তার “মুসনাদ” গ্রন্থে (১০/৩৮৫/ ৫৯৮২) বর্ণনা করেছেন। এটির সনদে মুহাম্মাদ ইবনু জামে আল-আত্তার, মুহাম্মাদ ইবনু উসমান ও আব্দুস সালাম ইবনু আবীল জানূব রয়েছেন। আবু ইয়ালার সূত্র হতেই হাদীসটি ইবনু হিব্বান “আয-যুয়াফা” গ্রন্থে (২/১৫০) বর্ণনা করেছেন এবং এটির সমস্যা হিসাবে আব্দুস সালামকে মুনকারুল হাদীস বলে চিহ্নিত করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যায়লাঈ “নাসবুর রায়া” গ্রন্থে (৩/৪১৪) তার এ বক্তব্যকে সমর্থন করেছেন। ইবনু হিব্বান এটিকে “আস-সিকাত” গ্রন্থেও (৭/১২৭) উল্লেখ করেছেন। আবু হাতিম (৩/১/৪৫) বলেনঃ তিনি মাতরূকুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটির সনদে অন্য একটি সমস্যা রয়েছে। হায়সামী বলেনঃ (৮/১৬৮) আবূ ইয়ালা তার শাইখ মুহাম্মাদ ইবনু জামে আল-আত্তার হতে বর্ণনা করেছেন। তিনি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ এর চেয়েও বরং তার অবস্থা আরো খারাপ। আবূ যুর’য়াহ বলেনঃ তিনি সত্যবাদী নন।

এছাড়া মুহাম্মাদ ইবনু উসমান হচ্ছেন জামহী মাক্কী, তিনিও দুর্বল। এটি হচ্ছে হাদীসটির তৃতীয় সমস্যা। এ কারণেই হাফিয ইরাকী “তাখরীজুল ইহইয়া” গ্রন্থে (২/১৮৯) বলেছেনঃ হাদীসটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন